সমকাল

তারিখ ... 27 AUG 2015 ...
পৃষ্ঠা ... ২৭ ... কলাম ... ৬ ....

# নদীতীরের অননুমোদিত ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠান স্থানান্তরে কমিটি

■ সমকাল প্রতিবেদক

নদীতীরবর্তী স্থানে অননুমোদিতভাবে নির্মিত ধর্মীয় ও শিক্ষাপ্রতিষ্ঠান স্থানান্তর কিংবা অপসারণ বিষয়ে সরেজমিন পরিদর্শন ও ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি সারাদেশে সংশ্লিষ্ট স্থানে কাজ করার পর এক মাসের মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ে রিপোর্ট পেশ করবে।

গতকাল বুধবার নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে নদীতীরে স্থাপিত অবৈধ স্থাপনা উচ্ছেদ বিষয়ে এক মতবিনিময় সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব নাসির আরিফ মাহমুদকে আহ্বায়ক ও যুগ্ম সচিব নূর-উর-রহমানকে সদস্য সচিব করে গঠিত কমিটিতে পানিসম্পদ, ভূমি, গৃহায়ন ও ধর্ম মন্ত্রণালয় এবং বিআইডব্লিউটিএ, নৌপুলিশ, ইসলামিক ফাউন্ডেশন, ওলামা মাশায়েখ, ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, সংশ্লিষ্ট মেট্রোপলিটন পুলিশ কমিশনার, জেলা প্রশাসক ও পুলিশ সুপারের প্রতিনিধিরা সদস্য হিসেবে থাকবেন।

সভায় জানানো হয়, ঢাকা নদীবন্দর এলাকার অননুমোদিত ৩০টি ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। বিআইডব্লিউটিএ এ পর্যন্ত নদীতীরের চার হাজার ৭৪০টি অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং ২১৫ একর জমি উদ্ধার করেছে।

নৌপরিবহন মন্ত্রী শাজাহান খানের সভাপতিত্বে সভায় পানিসম্পদ মন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, সানজিদা খানম এমপি, নৌপরিবহন সচিব শফিক আলম মেহেদী, পানিসম্পদ সচিব ড. জাফর আহমেদ খান, বিআইডব্লিউটিএর চেয়ারম্যান কমডোর এম মোজাম্মেল হক এবং ইসলামিক ফাউন্ডেশন ও বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিবের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।